স্থানীয় সরকার নির্বাচনে হস্তক্ষেপ নয়, দলীয় প্রতীকেও ভোট হবে না: চিফ হুইপ

লেখক: প্রকাশক | প্রকাশিত: 12 October 2026, 10:09 AM | বিভাগ: জাতীয়

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে কোনো ধরনের প্রভাব বিস্তার বা প্রশাসনিক হস্তক্ষেপ বরদাশত করা হবে না বলে জানিয়েছেন চিফ হুইপ। তিনি বলেন, এবারের স্থানীয় সরকার নির্বাচন দলীয় প্রতীকে অনুষ্ঠিত হবে না।

রোববার (১১ অক্টোবর) সংসদীয় ও দলীয় বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। বৈঠকে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি, বিদ্যুৎ ও জ্বালানি খাতের ব্যবস্থাপনা এবং স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। পাশাপাশি সরকারের উন্নয়ন ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডের সুফল সাধারণ মানুষের কাছে পৌঁছাচ্ছে কি না, তা মূল্যায়নের ওপর গুরুত্ব দেওয়া হয়।

চাঁদাবাজি ও দখলদারত্বের বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা জানিয়ে চিফ হুইপ বলেন, দলের পরিচয় ব্যবহার করে কেউ অপকর্ম করলে ছাড় দেওয়া হবে না। এ বিষয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান কঠোর

নির্দেশনা দিয়েছেন বলেও জানান তিনি।

আসন্ন শারদীয় দুর্গাপূজার নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ নজরদারির নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান চিফ হুইপ। পূজামণ্ডপের নিরাপত্তা ও সার্বিক আয়োজন তদারকিতে নিজ নিজ এলাকার সংসদ সদস্যদের সক্রিয় থাকতে বলা হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় করে তাঁরা মাঠপর্যায়ে কাজ করবেন।

চিফ হুইপ আরও বলেন, স্থানীয় সরকার নির্বাচনের আয়োজন দ্রুত সম্পন্ন করার প্রস্তুতি চলছে। নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু করতে কোনো ধরনের হস্তক্ষেপ না করার বিষয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন করা হবে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।